

খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন-২০২৪ এ সমাবর্তন বক্তা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন  
কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ

গত ০৯ মার্চ ২০২৪ শনিবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের আচার্য মহোদয়ের মনোনীত প্রতিনিধি বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনায়েদ আহমেদ পলক, এম.পি. মহোদয়ের সভাপতিত্বে সিরাজগঞ্জের এনায়েতপুরে খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন-২০২৪ সুন্দর ও সাফল্যের সাথে সুসম্পন্ন হয়। খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট পদার্থবিদ, বরেণ্য শিক্ষাবিদ ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। তিনি সমাবর্তনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জীবনবোধ বিকাশ ও বাস্তবতার নিরিখে শিক্ষার সম্পৃক্ততা নিয়ে পরবর্তী কর্মময় জীবন গঠনের বিষয়ে তার সুগভীর ও সুচিন্তিত ভাষ্য প্রকাশ করেন। এছাড়াও সমাবর্তনে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ; খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ ইউসুফ, উপাচার্য অধ্যাপক ড. হোসেন রেজা; মো. ওমর ফারুফ, মো. বেলাল আহমেদ এবং দেশবরেণ্য ব্যক্তিবর্গ।





